

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২০/২০১৫

সকল সম্মানিত সদস্য/সদস্যাদের প্রতি,

তারিখঃ ২৮/০৪/২০১৫খ্রিঃ

১৫ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ

২৮তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দকে জানানো যাইতেছে যে, আগামী ১২/০৫/২০১৫ তারিখ (মঙ্গলবার) অপরাহ্ন ৩-০০ ঘটিকায় এসোসিয়েশনের ২৮তম বার্ষিক সাধারণ সভা সি এন্ড এফ টাওয়ারে (১৩ তম তলায়) অনুষ্ঠিত হইবে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকল সম্মানিত সদস্য/সদস্যগণকে অনুরোধ জানানো যাইতেছে।

আলোচ্যসূচী :

- ০১। ২২/০৪/১৪ ইং তারিখে অনুষ্ঠিত ২৭তম বার্ষিক সাধারণ সভা এবং ১৫/০৯/১৪ ইং অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চয়করণ।
- ০২। সাধারণ সম্পাদক কর্তৃক ২০১৪ ইং সালের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।
- ০৩। এসোসিয়েশনের ২০১৪ ইং সালের অডিট প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।
- ০৪। এসোসিয়েশনের ২০১৫ ইং সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন।
- ০৫। অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা কমিটি গঠন।
- ০৬। এসোসিয়েশনের ২০১৫ ইং সালের হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ ও তাঁহাদের সম্মানী নির্ধারণ।
- ০৭। সি এন্ড এফ এজেন্টস্ কল্যাণ তহবিল পরিচালনা কমিটিতে সাধারণ সদস্যদের মধ্য থেকে ২(দুই) জন সদস্য মনোনয়ন।
- ০৮। শ্রম আইন-২০০৬ এ কার্যনির্বাহী পরিষদের মেয়াদ সংক্রান্ত সংশোধনী এসোসিয়েশনের গঠনতন্ত্রে সন্নিবেশিত করা প্রসঙ্গে।
- ০৯। ২০০৪ সালের পর এসোসিয়েশনের নিবন্ধিত সদস্যদের সি এন্ড এফ টাওয়ার এর লভ্যাংশ অথবা সার্টিফিকেট প্রদান প্রসঙ্গে।
- ১০। সর্বশেষ সংশোধিত শ্রম আইন অনুযায়ী ১০ বছরের অধিককাল চাকুরীর ক্ষেত্রে গ্র্যাচুইটি প্রতি বছরের জন্য ৪৫দিন এর মজুরী কার্যকরের বিষয় এসোসিয়েশনের চাকুরীবিধিতে সন্নিবেশ করা প্রসঙ্গে।
- ১১। নির্বাচন কমিশন গঠন ও শপথ গ্রহন।
- ১২। বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)।

বিঃ দ্রঃ- সভায় অংশগ্রহণের জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট /পরিচয় পত্র আনিতে হইবে। অংশিদারী প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার নিজে অংশগ্রহণ করিলে তাঁহার কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট ও পরিচয় পত্র এবং পরিচালক, অংশিদার অংশগ্রহণ করিলে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশিদার হইতে প্রতিষ্ঠানের লেটার হ্যাণ্ডে প্রাধিকার পত্র আনিতে হইবে। সভায় কোন বিষয়ে মতামতের সংখ্যাধিক্য নির্ণয়ের প্রয়োজন হইলে উক্ত দলিলাদি প্রয়োজন হইবে।

স্বাক্ষরিত/-

এ, কে, এম, আকতার হোসেন
সভাপতি

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক